# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

১.► এইতো কয়েকদিন আগের কথা তোমরা সবেমাত্র কলেজে ভর্তি হয়ে ১ম বর্ষের ক্লাস করছিলে। দুপুর ১২টার দিকে হঠাৎ করেই দেখা গেল শ্রেণিকক্ষের সকল ছাত্রছাত্রী খুব দ্রুত নিচে মাঠে নেমে আসে, যা সচরাচর কখনো দেখা যায় না। কিছুক্ষণ পর টিভির চ্যানেলের খবরের মাধ্যমে জানতে পারলাম হিমালয়ের পাদদেশে অবস্থিত শহর কাঠমুণ্ডু মাটির সাথে মিশে গেছে।


ক. পাত সঞ্চালন মতবাদ কে প্রদান করেন? ১

খ. কেন অশ্বমণ্ডল কে সিয়াল স্তর বলা হয়? ২

গ. যে প্রাকৃতিক দুর্যোগের ফলে কলেজের ছাত্রছাত্রী দ্রুত মাঠে নেমে আসে উক্ত প্রাকৃতিক দুর্যোগের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দুর্যোগের ফলে যে সকল সমস্যার সৃষ্টি হয় তা বিশ্লেষণ কর। ৪

২.► চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. বায়োম কী? ১

খ. ইকোসিস্টেম কয় প্রকার ও কি কি? ২

গ. ক ও খ অঞ্চলের ইকোসিস্টেমের ব্যাখ্যা দাও। ৩

ঘ. গ অঞ্চলের ইকোসিস্টেমের শ্রেণিবিভাগসহ অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৩.▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:





ক. সমভূমি কাকে বলে? ১

খ. পাহাড় ও পর্বতের বৈসাদৃশ্য লিখ। ২

গ. শ্রেণিবিভাগসহ 'A' চিহ্নিত ভূমিরূপের ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'C' ও 'D' ভূমিরূপ দুইটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪.▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




Teachingbd.com


ক. মৌসুমী স্রোত কাকে বলে? ১

খ. 'D' অঞ্চলে কেন স্রোতহীনতার সৃষ্টি হয়েছে? ২


গ. 'A' অঞ্চলের স্রোতসমূহের ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'B' ও 'C' অঞ্চলের স্রোতের সাথে 'A' অঞ্চলের স্রোতসমূহের কোন পার্থক্য আছে কি? তোমার স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ চিত্র দুটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




A চিত্র (উত্তর গোলার্ধ)




B চিত্র (উত্তর গোলার্ধ)


ক. বৃষ্টিপাত কাকে বলে? ১

খ. নিরক্ষীয় অঞ্চলে কেন অধিক বৃষ্টিপাত হয়? ২

গ. উদ্দীপকে 'A' ও 'B' চিত্রে কোন কোন জলবায়ু অঞ্চলের বৃষ্টিপাত ও তাপমাত্রা দেখানো হয়েছে? 'A' অঞ্চলের জলবায়ুর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'A' ও 'B' অঞ্চলের জলবায়ুর মধ্যে কোন পার্থক্য আছে কী? তোমার স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ নিম্নের উদ্দীপকের আলোকে প্রশ্নগুলির উত্তর দাও:




ক. প্লাবন সমভূমি কাকে বলে? ১

খ. কেন বাংলাদেশের দক্ষিণাঞ্চলে পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপের সৃষ্টি হয়েছে? ২

গ. মানচিত্রে চিহ্নিত ক নদীর গতিপথ ব্যাখ্যা কর। ৩

ঘ. A ও B অঞ্চলের ভূ-প্রকৃতির ভিন্নতা আছে কী? থাকলে পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## ভূগোল: প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **Geography শব্দটি কে ব্যবহার করেন?**
ক) ইরাটোসথেনিস খ) কার্ল রিটার
গ) টলেমী ঘ) স্ট্র্যাবো

২. **পৃথিবী ও তার অধিবাসীদের বর্ণনাই হলো ভূগোল। এই উক্তিটি কার?**
ক) ই. এ ম্যাকনি খ) টলেমী
গ) ডাডলী স্ট্যাম্প ঘ) ফেয়ার গ্রীভ

৩. **ভূগোলের প্রধান শাখা কয়টি?**
ক) ২টি খ) ৩ টি
গ) ৪ টি ঘ) ৫ টি

৪. **বারিমণ্ডল ভূগোলের কোন শাখার অন্তর্ভুক্ত?**
ক) মানব ভূগোল খ) প্রাকৃতিক ভূগোল
গ) আঞ্চলিক ভূগোল ঘ) নগর ভূগোল

৫. **প্রাকৃতিক ভূগোলের বিষয়বস্তু হলো?**
ক) পরিবর্তনশীলতা খ) অপরিবর্তনশীলতা
গ) বৈজ্ঞানিক অনুসন্ধান
ঘ) প্রাণী সম্পর্কে আলোচনা

৬. **নিচের কোনটি অশ্মমণ্ডলের অন্তর্ভুক্ত?**
ক) শিলা ও খনিজ খ) সমুদ্রস্রোত
গ) বায়ুর উপাদান ঘ) মহীসোপান

৭. **প্রাকৃতিক ভূগোলের পরিসর হলো—**
i. ভূমিরূপ বিদ্যা
ii. জলবায়ুবিদ্যা
iii. বসতি ভূগোল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. **চীনের হোয়াংহো কোন ধরনের সমভূমি?**
ক) পলল পাখা খ) হ্রদ সমভূমি
গ) হিমবাহ সমভূমি ঘ) লোয়েস সমভূমি

৯. **সিয়াল স্তরে কোন শিলার প্রাধান্য দেখা যায়?**
ক) গ্রানাইট খ) ব্যাসল্ট
গ) ফেলসিক ঘ) অভ্র

১০. **পৃথিবীর বৃহত্তম বদ্বীপ কোনটি?**
ক) বাংলাদেশ খ) জাপান
গ) ভারত ঘ) নেপাল

১১. **মালভূমির বৈশিষ্ট্য হলো—**
i. বিস্তীর্ণ উচ্চভূমি
ii. প্রায় সমতল উপরিভাগ
iii. খাড়াভাবে নিচে নেমে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. **যার প্রভাবে কেন্দ্রমণ্ডলের বাইরের উপাদান চটচটে অবস্থায় আছে?**
i. তাপ
ii. চাপ
iii. গঠন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **গুরুমণ্ডলের ঘনত্ব—**
ক) ০ — ৫.৬ খ) ২.৭ — ৬৩
গ) ৪.৩ — ১০ ঘ) ৭.৭. — ৯

১৪. **মোহোরোভিসিক বিযুক্তি রেখা কখন আবিষ্কৃত হয়?**
ক) ১৯০৯ খ) ১৯১০
গ) ১৯১১ ঘ) ১৯১২

১৫. **বাংলাদেশের টারশিয়ারী যুগের পাহাড় অবস্থিত—**
i. রাঙামাটি
ii. চট্টগ্রাম
iii. সিলেট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. **বিস্তৃত অঞ্চল জুড়ে ঢেউয়ের মত ভাঁজ পড়ে যে পর্বতের সৃষ্টি হয় তাকে বলে—**
ক) ভঙ্গিল পর্বত খ) স্তূপ পর্বত
গ) গম্বুজ পর্বত ঘ) ক্ষয়জাত পর্বত

Teachingbd.com

১৭. জাপানের ফুজিয়ামা পর্বতটি হলো—

i. সঞ্চয়জাত পর্বত
ii. ক্ষয়জাত পর্বত
iii. ভঙ্গিল পর্বত

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. ভারতের দাক্ষিণাত্যের মালভূমি কী জাতীয়?

(ক) লাভা গঠিত (খ) সমভূমি উন্নীত
(গ) পবর্তবেষ্টিত (ঘ) সমপ্রায় ভূমি উন্নীত

১৯. ভূত্বক প্রধানত কয়টি পাতের উপর গঠিত?

(ক) ৭টি (খ) ৫ টি
(গ) ৬ টি (ঘ) ৯ টি

২০. পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাত কোনটি?

(ক) নায়াগ্রা (খ) অ্যাঞ্জেল
(গ) ভিক্টোরিয়া (ঘ) হুন্দ্রু

২১. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের সময় কী নির্গত হয়?

i. প্রবলবেগে লাভা
ii. কাদামিশ্রিত পানি
iii. বাষ্প

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. সবচেয়ে ধ্বংসাত্মক প্রাকৃতিক বিপর্যয় হলো—

(ক) ধস (খ) ভূমি ক্ষয়
(গ) ভূমিকম্প (ঘ) খরা

২৩. আকস্মিক পরিবর্তন কোনটি?

(ক) বিচূর্ণীভবন (খ) নগ্নীভবন
(গ) ভূমিকম্প (ঘ) পর্বত গঠন

২৪. কোন অবস্থায় নদীর ক্ষয়সাধনই হলো প্রধান কাজ—

(ক) পার্বত্য অবস্থা (খ) সমভূমি অবস্থা
(গ) নিম্নগতিতে (ঘ) নদীর মোহনায়

২৫. বিচূর্ণীভবন কয়টি শ্রেণিতে কার্য সম্পাদন করে?

(ক) ৩টি (খ) ২ টি
(গ) ৪টি (ঘ) ৫টি

২৬. বায়ুমণ্ডলের গ্যাসীয় উপাদানের মধ্যে কোন গ্যাসের উপাদান বেশি?

(ক) নাইট্রোজেন (খ) হাইড্রোজেন
(গ) কার্বন (ঘ) হিলিয়াম

২৭. বায়ুতে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ কত?

(ক) ০.৯৩% (খ) ০.০৩%
(গ) ০.০০০৫% (ঘ) ০.০০০০৬%

২৮. বায়ুমণ্ডলের প্রথম স্তর কোনটি?

(ক) ট্রপোস্ফিয়ারে (খ) স্ট্রাটোস্ফিয়ার
(গ) আয়োনস্ফিয়ার (ঘ) মেসোস্ফিয়ার

২৯. নিরক্ষীয় অঞ্চলে প্রতিদিন কোন প্রক্রিয়ার বৃষ্টিপাত হয়?

(ক) সংঘর্ষ (খ) পরিচলন
(গ) শৈলোৎক্ষেপ (ঘ) ঘূর্ণিঝড়

৩০. আরবী 'মওসুম' শব্দের অর্থ কী?

(ক) ঋতু (খ) দিন
(গ) বছর (ঘ) সময়

৩১. বাংলাদেশে কোন জলবায়ুর প্রভাব বেশি দেখা যায়?

(ক) মৌসুমী (খ) মহাদেশীয়
(গ) নিরক্ষীয় (ঘ) ভূমধ্যসাগরীয়

৩২. নিচের কোনটি গ্রিন হাউস গ্যাস?

(ক) অক্সিজেন (খ) নাইট্রাস অক্সাইড
(গ) পানি (ঘ) সূর্যের আলো

৩৩. মহাসাগর, সাগর, নদী, হ্রদ প্রভৃতিকে একত্রে কী বলে?

(ক) বায়ুমণ্ডল (খ) বারিমণ্ডল
(গ) অশ্মমণ্ডল (ঘ) বৃহৎ জলাশয়

৩৪. জন্মগত পানি হলো—

(ক) পাললিক শিলা পানি
(খ) ভূপৃষ্ঠের পানি
(গ) সামুদ্রিক পানি (ঘ) হিমবাহ গলিত পানি

৩৫. আয়তন অনুসারে পৃথিবীর বৃহত্তম মহাসাগর—

(ক) প্রশান্ত মহাসাগর (খ) আটলান্টিক
(গ) ভারত মহাসাগর (ঘ) উত্তর মহাসাগর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com